মাগুরায় সড়কের নামকরণের দাবিতে স্মারকলিপি প্রদান

মাগুরা- মাগুরায় একজন ডাক্তারের নামে সড়কের নামকরণের দাবিতে স্মারকলিপি প্রদান করেছে এলাকাবাসী। সোমবার মাগুরা জেলা প্রশাসকের কাছে এলাকাবাসী স্মারকলিপি তুলে দেন। স্মারকলিপিতে জেলার শ্রীপুর উপজেলাধীন কাদিরপাড়া ইউনিয়নের দোরান নগর গ্রামের একটি রাস্তার নাম ডাঃ পঙ্কজ কান্তি মণ্ডল রাখার অনুরোধ জানান তারা। গ্রামবাসী স্মারকলিপিতে উল্লেখ করেন,

ডাঃ পঙ্কজ কান্তি মণ্ডল এর আর্থিক সহযোগিতায় ও গ্রামবাসীর স্বেচ্ছা শ্রমে ২০২০ সাল হতে নদী ভাঙ্গন প্রতিরোধে সিমেন্টের পিলার দিয়ে নদী শাসনের কাজ শুরু করা হয়েছে যা এখনো চলমান। এছাড়া ২০২১ সালে দোরান নগর গ্রামের পশ্চিম পাড়া কমল বারুরির বাড়ি হতে মধ্য পাড়া রামকুমারের বাড়ি পর্যন্ত ৬০০ মিটার কাঁচা রাস্তা করা হয়েছে যার বৃহৎ অংশের আর্থিক সহযোগিতা করেছেন ডাঃ পঙ্কজ কান্তি মণ্ডল এর পরিবার এবং ২০২৪ সালে দোরান নগর গ্রামের মধ্য পাড়া রামকুমারের বাড়ি হতে গ্রামের পূর্ব পাড়া বিনয় বিশ্বাসের বাড়ি পর্যন্ত আনুমানিক ৫০০ মিটার কাঁচা রাস্তা করা হয়েছে যার পুরো আর্থিক সহযোগিতা করেছেন ডাঃ পঙ্কজ কান্তি মণ্ডল। চলতি বছর দোরান নগর গ্রামের

পশ্চিম প্রান্ত হতে বিষ্ণুপুর গ্রামের কিছু অংশ পর্যন্ত মানুষের চলাচলের সুবিধার জন্য ২৫ টি এবং নাকোল পুলিশ ফারিতে ২ টি সোলার স্ট্রিট লাইট লাগানো হয়েছে যার পুরো আর্থিক সহযোগিতা করেছেন ডাঃ পঙ্কজ কান্তি মণ্ডল। এছারাও গ্রামের অবহেলিত শিশু-কিশোরদের বিনোদনের জন্য ওনার মায়ের নামে একটি পার্ক নির্মাণ করেছেন এবং ওনার পিতার নামে একটি গ্রন্থাগার করে দিয়েছেন যেখানে বর্তমানে একটি ধর্মীয় স্কুলের কার্যক্রম চলছে। চলতি বছর গ্রামের সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের জন্য ৪০ টি স্কুল ব্যাগ দিয়েছেন। এছাড়া বিগত ১৮ বছর ধরে ডাঃ পঙ্কজ কান্তি মণ্ডল বিভিন্ন উৎসবে যখন বাড়িতে আসেন তখন এলাকার মানুষের ফ্রী চিকিৎসা সেবা দিয়ে আসছেন এবং ওনার বিভিন্ন চেম্বারে গরিব মানুষের জন্য ফ্রী চিকিৎসা সেবা দিয়ে থাকেন।

এজন্য ওই গ্রামের একটি রাস্তা তার নামে করার দাবী জানান

গ্রামবাসী।
গ্রামবাসীর পক্ষ থেকে পরিমল মজুমদার, নারায়ন ঘোষ,দীপক বিশ্বাস,সুবাষ বিশ্বাস, নৃপেন দাস প্রমুখ জেলা প্রশাসকের কাছে সড়কের নামকরণের দাবিতে স্মারকলিপি প্রদান করেন।